

## রাধা

মাহমুদুল হক ফয়েজ

সকাল গেলো  
দুপুর গেলো  
বিকেল গেলো খেলে-  
সন্ধ্যা বেলা  
ডাগর চোখে  
চোখ রেখেছি মেলে ।  
স্পর্শ গেলো  
কষ্ট গেলো  
ক্লান্তি গেলো রাধা-  
তোমার আমার  
অষ্ট প্রহর  
হৃদয় হোলো বাঁধা ॥

# বঁধু

মাহমুদুল হক ফয়েজ

আমায় দেখে লজ্জা হলো নাকি  
বঁধু তোমার সলাজ মদির আঁখি  
নামাও কেন? তাকাও সমুখ পানে  
মনের কথা বলবো কানে কানে।